

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(একাডেমিক শাখা-০২)


স্মারক নং খুবি/একা- ০৯/২০১১-২২৩

তারিখ : ০৯/০৪/২০২৫ খ্রি.

বিশ্ববিদ্যালয় বৃত্তির আবেদনপত্র জমা দেয়ার তারিখ বৃদ্ধির পুন: বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ে স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে অধ্যয়নরত ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ (২৪ ব্যাচ) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম (২৩, ২২, ২১ ও ২০ স্থাপত্য ব্যাচ) বর্ষের নিয়মিত শিক্ষার্থীদেরকে মেধা ও সাধারণ বৃত্তি এবং উপ-বৃত্তি (সংস্কৃতি, ক্রীড়া, বিএনসিসি ও উপজাতি) প্রদানের লক্ষ্যে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদনের জন্য নির্ধারিত ফর্ম অত্রসাথ সংযুক্ত করে সকল ডিসিপ্লিনে প্রেরণ ও খুবি'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। কিন্তু কয়েকটি ডিসিপ্লিনের শিক্ষার্থীদের রেজাল্ট প্রকাশে বিলম্ব হওয়ায় বৃত্তি কমিটির সভাপতির পরামর্শক্রমে আগামী ১০/০৪/২০২৫ খ্রি. তারিখের পরিবর্তে ২৪/০৪/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট ডিসিপ্লিন অফিসে আবেদন জমা প্রদান করার সময় বৃদ্ধি করা হলো। ডিসিপ্লিন অফিস আবেদনকারী শিক্ষার্থীর পূরণকৃত ফরম একসঙ্গে ফরওয়ার্ডিং পত্রের মাধ্যমে আগামী ২৭/০৪/২০২৫ খ্রি. তারিখের মধ্যে শাখা প্রধান (একাডেমিক-০২) বরাবর প্রেরণ করবেন। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ পত্র জারি করা হলো।

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।



(প্রফেসর ড. এস এম মাহবুবুর রহমান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং খুবি/একা- ০৯/২০১১-২২৩

তারিখ : ০৯/০৪/২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো

- ১। প্রধান, সকল ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়
- ২। ছাত্র বিষয়ক পরিচালক, খুলনা বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, শারীরিক শিক্ষা বিভাগ, খুলনা বিশ্ববিদ্যালয়
- ৪। পিওইউ (সেনা ও নৌ শাখা), বিএনসিসি, খুলনা বিশ্ববিদ্যালয়
- ৫। পরিচালক, আইসিটিসেল, খুবি (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে ও ডিজিটাল নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)
- ৬। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, খুলনা বিশ্ববিদ্যালয়
- ৭। পরীক্ষা নিয়ন্ত্রক, খুলনা বিশ্ববিদ্যালয়
- ৮। উপাচার্য মহোদয়ের সচিব, খুলনা বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়কে সদয় অবহিত করার অনুরোধসহ)
- ৯। উপ-উপাচার্য মহোদয়ের সচিব, খুলনা বিশ্ববিদ্যালয় (উপ-উপাচার্য মহোদয়কে সদয় অবহিত করার অনুরোধসহ)
- ১০। ট্রেজারার মহোদয়ের সচিব, খুলনা বিশ্ববিদ্যালয় (ট্রেজারার মহোদয়কে সদয় অবহিত করার অনুরোধসহ)
- ১১। সংশ্লিষ্ট নথি
- ১২। গার্ড ফাইল


(কাকলি রহমান)
শাখা প্রধান (একাডেমিক-০২)

ও
সদস্য-সচিব, বৃত্তি কমিটি
খুলনা বিশ্ববিদ্যালয়